

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
'আমার বাড়ি আমার খামার' প্রকল্প  
প্রশাসন ও সমন্বয় শাখা  
www.abak-rdcd.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০৩৪.১৯.১৭৪

তারিখ: ২২ আষাঢ়, ১৪২৭

০৬ জুলাই ২০২০

বিষয়: প্রকল্পের চাকুরি হতে চূড়ান্ত অব্যাহতি প্রদান।

জনাব মো: ছানোয়ার হোসেন, মাঠসহকারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, দৌলতপুর, মানিকগঞ্জ-এর বিরুদ্ধে প্রকল্পের কাজে চরম অনীহা প্রদর্শন, নিয়মিত সমিতিতে না যাওয়া, সমিতি হতে আদায়কৃত অর্থ প্রায়শই হস্তমুজুদ করাসহ নানাবিধ বিষয়ে অভিযোগ পাওয়া গেছে। দৌলতপুর, মানিকগঞ্জ-এ সদস্যদের নিকট হতে সঞ্চয় ও ঋণের কিস্তিবাদ আদায়কৃত ২,৪৩,৭১০ (দুই লক্ষ তেতাল্লিশ হাজার সাতশত দশ) টাকা অফিসে জমা না দিয়ে হস্তমুজুদ করেছেন মর্মে উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, মানিকগঞ্জ -প্রকল্প সদর দপ্তরকে লিখিত ভাবে অবহিত করেছেন। এ প্রেক্ষিতে প্রকল্পের কাজে অনীহা, নিয়মিত সমিতিতে না যাওয়া, সমিতি হতে আদায়কৃত অর্থ প্রায়শই হস্তমুজুদ করাসহ নানাবিধ বিষয়ে অভিযোগের কারণে প্রকল্প সদর দপ্তরের ০৩.১০.২০১৯ তারিখ তাকে সাময়িকভাবে বরখাস্তকরণ সহ কারণ দর্শানো হয় কিন্তু তিনি কারণ দর্শানোর কোন জবাব প্রেরণ করেননি এবং হস্তমুজুদকৃত কোন টাকাই অদ্যাবধি পরিশোধ করেননি মর্মে উপজেলা সমন্বয়কারী দৌলতপুর, মানিকগঞ্জ প্রকল্প সদর কার্যালয়কে অবহিত করেছেন।

২. বর্ণিত বিষয়টি অত্যন্ত হতাশাজনক, গুরুতর অসদাচরণ, আর্থিক অনিয়ম, ধৃষ্টতা এবং দুর্নীতির শামিল। এমতাবস্থায়, সমিতির অর্থ হস্তমুজুদ এবং প্রকল্পের কাজে চরম গাফিলতিসহ নানাবিধ কারণে প্রকল্পের অস্থায়ী চুক্তিভিত্তিক নিয়োগ পত্রের ৬ নং শর্ত অনুযায়ী প্রকল্পের চাকুরি হতে তাকে চূড়ান্তভাবে অব্যাহতি প্রদান করা হলো। একইসাথে আত্মসাতকৃত/হস্তমুজুদকৃত টাকা আগামী ০৭(সাত) দিনের মধ্যে যথাযথ খাতে জমা প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

৩. আত্মসাতকৃত অর্থ যথাযথ খাতে জমা প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, মানিকগঞ্জ-কে অনুরোধ করা হলো। হস্তমুজুদ/আত্মসাতকৃত টাকা জমা প্রদানে ব্যর্থ হলে অভিযুক্ত মো: ছানোয়ার হোসেনের বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশনের সংশ্লিষ্ট ধারায় এবং পাবলিক ডিম্যান্ড রিকভারি আইন, ১৯১৩ এর সংশ্লিষ্ট ধারায় (সোর্টিফিকেট মামলা) মামলা করার অনুমতি প্রদান করা হলো।



৬-৭-২০২০

আকবর হোসেন

প্রকল্প পরিচালক

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: [headoffice@ebek-rdcd.gov.bd](mailto:headoffice@ebek-rdcd.gov.bd)

জনাব মো: ছানোয়ার হোসেন, মাঠ সহকারী, আমার বাড়ি  
আমার খামার প্রকল্প, দৌলতপুর, মানিকগঞ্জ।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০৩৪.১৯.১৭৪/১(৭)

তারিখ: ২২ আষাঢ়, ১৪২৭

০৬ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ৭১-৭১, ইন্সটান গার্ডেন, ঢাকা-১০০০

- ২) জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, মানিকগঞ্জ।
- ৪) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, মানিকগঞ্জ।
- ৬) উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, দৌলতপুর, মানিকগঞ্জ।
- ৭) সংশ্লিষ্ট অফিস নথি।



৬-৭-২০২০

আকবর হোসেন  
প্রকল্প পরিচালক